

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়  
সোনারগাঁ, নারায়ণগঞ্জ  
doict.sonargaon.narayanganj.gov.bd

সোনারগাঁ উপজেলা আইসিটি কমিটির ফেব্রুয়ারী/ ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মো: আব্দুল্লাহ আল মাহফুজ  
উপজেলা নির্বাহী অফিসার সোনারগাঁ, নারায়ণগঞ্জ  
তারিখঃ ২৮/০২/২০২৪ খ্রিস্টাব্দ  
সময়ঃ বেলা ১২.৩০ টা  
স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ

উপজেলা আইসিটি কমিটির উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। আইসিটি কমিটির কার্যক্রম ও বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয়  | সিদ্ধান্ত  | বাস্তবায়নে   |
|---------|---|--|---|
| ০১      | উপজেলার ওয়েব পোর্টালের তথ্য আপডেট রাখা                             | সোনারগাঁ উপজেলার ১টি পৌরসভা, ১০ টি ইউনিয়ন পরিষদের পোর্টাল সহ মোট ৪৯ টি সরকারি ওয়েব পোর্টালের সমন্বয়ে উপজেলা পরিষদের পোর্টাল। ৩৮ টি ওয়েব পোর্টাল ১০০% হালনাগাদ আছে। সোনারগাঁ উপজেলা পরিষদের পোর্টাল সার্বিক ভাবে ৯৬% হালনাগাদ। বাকি দপ্তরের পোর্টাল ১০০% হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।           | সংশ্লিষ্ট দপ্তর প্রধান  |
| ০২      | জয় SET Center  | ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় অত্র উপজেলায় “জয় SET Center”- এর ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করা হয়। উপজেলা পরিষদ ভবনের পাঁচ-তালায় “জয় SET Center”- নির্মাণের জন্য ই-টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।  | উপজেলা প্রকৌশলী   |
| ০৩      | ইনফো-সরকার ইন্টারনেট কানেকটিভিটি সচল রাখা                           | ক. ইনফো-সরকার ২ প্রকল্প হতে উপজেলা পর্যায়ে ৩২ টি সরকারি দপ্তরে ইন্টারনেট সংযোগ দেওয়া হয়েছে। সংযোগ প্রাপ্ত দপ্তরগুলো হতে প্রতিমাসে ইন্টারনেট কানেকটিভিটির রিপোর্ট নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।   | সংশ্লিষ্ট দপ্তর প্রধান  |
|         |   | খ. ইনফো-সরকার ফেজ-৩ প্রকল্পের মাধ্যমে অত্র উপজেলার ১০ টি ইউনিয়ন পরিষদে POP(Point of Presence) স্থাপন করা হয়েছে এবং ৫ এমরিপিএস ইন্টারনেট ব্যান্ডউইথ সরবরাহের মাধ্যমে দ্রুত গতির ইন্টারনেট সংযোগ এবং WiFi সুবিধা নিশ্চিত করা হয়েছে। সকল ইউনিয়নের ইন্টারনেট সংযোগটি রক্ষণাবেক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার, সংশ্লিষ্ট ইউপি সচিব |
| ০৪      | শেখ রাসেল ল্যাব পরিচালনা, রক্ষণাবেক্ষণ, অপব্যবহার রোধকরণ ও পরিদর্শন | কম্পিউটার ল্যাব ব্যবহারের গাইডলাইন ও নীতিমালা অনুসারে অত্র উপজেলার ২১টি শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ, সৃষ্টি পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও অপব্যবহার রোধকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।  | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান                                     |
|         |   | নিয়মিত পরিদর্শনকালে ল্যাব পরিচালনা নীতিমালা ও গাইডলাইন যথাযথ পালন এবং উক্ত ল্যাবগুলোর সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রীদের পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।   | সহকারী প্রোগ্রামার ও উপজেলা মাধ্যমিক অফিসার                     |
| ০৫      | ডি-নথি বাস্তবায়ন   | জাতীয় ডি-নথি কার্যক্রম জোরদার করার জন্য ডি-নথি সিস্টেমে অন্তর্ভুক্ত দপ্তরসমূহের সকল ফাইল এর কার্যক্রম ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করতে হবে সিদ্ধান্ত গৃহীত হয়।   | ডি-নথি সিস্টেমে অন্তর্ভুক্ত দপ্তর প্রধানগণ                      |

|    |                             |  |                           |
|----|-----------------------------|--|---------------------------|
| ০৬ | ভিডিও কনফারেন্স             | ক. সোনারগাঁ উপজেলার ভিডিও কনফারেন্স সিস্টেমের মনিটর টি নষ্ট।<br>মনিটর টি মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. ভিডিও কনফারেন্স সিস্টেমের জন্য ১ টি ইউপিএস/আইপিএস/ সোলার<br>সিস্টেমের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী<br>অফিসার |
| ০৭ | একসেবা উদ্যোক্তা<br>নিবন্ধন | সকল ইউনিয়নের উদ্যোক্তাদের একসেবায় নিবন্ধন এবং নিয়মিত আয় ও<br>সেবার তথ্য আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়।  | সহকারী<br>প্রোগ্রামার     |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
২৮.০২.২০২৪


(মো: আব্দুল্লাহ আল মাহফুজ)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
সভাপতি  
উপজেলা আইসিটি কমিটি  
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

স্মারক নং- ৫৬.০৪.৬৭০৪.০০১.০৬.০০২.১৯.০৭

তারিখ ১৫ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
২৮ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি), নারায়ণগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ।
- ৪। উপজেলা ..... অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৫। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক, ....., সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৬। পৌরসভা/ ইউপি সচিব, ..... ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা  
(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অফিস কপি।

  
২৮/০২/২০২৪

(ফাতেমা-তুজ-জামাত)  
সহকারী প্রোগ্রামার  
ও  
সদস্য সচিব  
উপজেলা আইসিটি কমিটি  
সোনারগাঁ, নারায়ণগঞ্জ